# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১ ০ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১. ▶ যে গেছে বুকেতে আঘাত করিয়া তাহার লাগি কাঁদি
যে মোরে দিয়েছে বিষে ভরা বাণ,
আমি দেই তারে বুক ভরা গান,
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম ভর
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

ক. হুদায়বিয়ার সন্ধি ছিল রাসূলের কীসের পরিচায়ক? ১

খ. মহামতি আবুবকর গম্ভীরভাবে জনতার মধ্যে দাঁড়াইলেন কেন? ২

গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দিকটি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আংশিক রূপায়ণ মাত্র— মূল্যায়ন কর। ৪

২. ▶ বইয়ের পাতায় প্রদীপ জ্বলে
বইয়ের পাতা স্বপ্ন বলে।
যে বই জুড়ে সূর্য ওঠে
পাতায় পাতায় গোলাপ ফোটে।

ক. কীসের দোষে কাব্যামৃতে অরুচি ধরেছে? ১

খ. 'পাস করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'বইপড়া' প্রবন্ধের যে দিকটি উন্মোচন করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত দিকটি বইপড়া' প্রবন্ধের সমগ্র দিক নয়"— মূল্যায়ন কর। ৪

৩. ▶ শুধু বিঘে দুই ছিল মোর ভূঁই
আর সবই গেছে ঋণে
বাবু বলিলেন, বুঝেছ উপেন
এ জমি লইব কিনে।

http://teachingbd.com

ক. কাঙালির বাবার নাম কী? ১

খ. অভাগী তার ছেলের সাথে ছলনা করলো কেন? ২

গ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটির ভাবের সঙ্গে 'অভাগীর স্বর্গ' গল্পের ভাব সমান্তরাল— মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ হে সূর্য
তুমি আমাদের উত্তাপ দিও
শুনেছি, তুমি এক জ্বলন্ত অগ্নিপিণ্ড,
তোমার কাছে উত্তাপ পেয়ে পেয়ে
একদিন হয়তো আমরা প্রত্যেকেই
এক একটা জ্বলন্ত অগ্নিপিণ্ডে পরিণত হব।

ক. কেমন মঞ্চ কাঁপিয়ে কবি তার অমর কবিতাখানি শোনান? ১

খ. 'কখন আসবে কবি' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার অন্ধবধূর সাদৃশ্যপূর্ণ দিকটি চিহ্নিত কর। ৩

ঘ. "উক্ত সাদৃশ্যই 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সমগ্র ভাব ধারণ করে না"— মূল্যায়ন কর। ৪

৫. ▶ আমারে বেবাকে চেনে।
চেনে না কে? খালে বিলে ঘুরে বেড়ানো
ডাহুক, বিলের সাদা শাপলারা,
বাজারের জোড়া তালগাছ, বৃদ্ধ সেই লোকটা
যে মসজিদে দিনে পাঁচবার আজান দেয়
সবাই চেনে।

Teachingbd.com

ক. কবি কোন নিয়মে এখানে থাকেন? ১

খ. 'আমি ভিনদেশি পথিক নই' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার যে দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত দিকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার ভাবনার সমান্তরাল"— মূল্যায়ন কর। ৪

৬.▶ পৃথিবীর সব কিছু চলিয়াছে নিরন্তর পরিবর্তন বেগে
তাই সে সত্য এ কথা নিশ্চিত মনে জানি
মৃত্যু আসে একান্তই অপরিবর্তীতে
তাই সে সত্য নয়

ক. পৃথিবীর সব গল্প চিরকাল কেমন থাকবে? ১

খ. 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'সেই দিন এই মাঠ' কবিতার সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'সেই দিন এই মাঠ' কবিতার মূলভাবের অনুসঙ্গী'— মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

## গ অংশ — সহপাঠ

৭.▶ সাবাশ বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়?
জ্বলে পুড়ে মরে ছাড়খার
তবু মাথা নোয়াবার নয়।

ক. কুন্তি শাপলা তুলে এনেছে কেন? ১

http://teachingbd.com

খ. বুধা ফুলকলিকে মলমের কৌটা দিয়েছিল কেন? ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বাংলাদেশ 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডাংশের রূপায়ণ মাত্র'— মূল্যায়ন কর। ৪

৮.▶ রোজিনা গ্রামের স্কুলে পড়ে। তার পিতা ধনী বয়স্ক মোড়লের সঙ্গে তার বিয়ে ঠিক করে। এ বিয়েতে রোজিনা রাজি হয় না। সে পিতাকে বাল্যবিবাহের কুফল সম্পর্কে বোঝাতে সক্ষম হয়। শেষ পর্যন্ত বিয়েটি স্থগিত হয়ে যায়।

ক. 'বহিপীর' নাটকের পীর সাহেবের নিবাস কোথায় ছিল? ১

খ. বহিপীর নিজেকে পরাজিত শত্রু ভাবে কেন? ২

গ. উদ্দীপকের রোজিনার সঙ্গে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের বৈসাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূল বিষয়বস্তুকে ধারণ করতে পারেনি। মূল্যায়ন কর। ৪

৯.▶ অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুটছে। মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাঁটরি। হাতে হারিকেন। কোমরে বাচ্চা। চোখে মুখে কী এক অস্থির আতঙ্ক। কথা নেই। মৌন সবাই।

ক. কে বুধাকে জয় বাংলা বলে ডাকে? ১

খ. বুধার চোখে দিয়ে ঝরঝর করে জল পড়ে কেন? ২

গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে পরিস্থিতির সঙ্গে সঙ্গাতিপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র দিক নয়— মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বাংলা প্রথম পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা    বিষয় কোড: ১০১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **কাকে আর প্রলুব্ধ করতে হলো না?**
ক কাঙালিকে    খ অভাগীকে
গ রসিককে    ঘ রাখালকে

২. **বীরবাহু ওমর ইসলামের কত তম খলিফা?**
ক ১ম    খ ২য়
গ ৩য়    ঘ ৪র্থ

৩. **'পালামৌ' রচনায় লেখক পাহাড় দেখে চমৎকৃত হয়েছিলেন কেন?**
ক মাটি দেখে    খ পানি দেখে
গ পাথর দেখে    ঘ গাছ দেখে

**উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
'লেখাপড়া করে যে গাড়ি ঘোড়ায় চড়ে সে'— প্রবাদটির প্রতিফলন চাকরি জীবনে না দেখতে পেয়ে রবিন দুর্নীতিতে জড়িয়ে পড়ে। এখন সে জেলের বাসিন্দা।

৪. **উদ্দীপকটিতে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কী না থাকার কথা বলা হয়েছে?**
ক ইচ্ছা    খ রুচি
গ চেতনা    ঘ মূল্যবোধ

৫. **উক্ত বিষয়টি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন পঙক্তিতে প্রকাশ পেয়েছে?**
i. উপরে ওঠার মই হলো শিক্ষা
ii. অর্থ চিন্তার নিগড়ে সবাই বন্দি
iii. লোভে পাপ পাপে মৃত্যু
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৬. **আমাদের স্কুল-কলেজে শিক্ষার পদ্ধতি কেমন?**
ক সঠিক    খ সমগ্র
গ উল্টো    ঘ পাল্টা

৭. **'বর্তমান শিক্ষার বিষময় ফল' বলতে কোন শিক্ষার কথা বলা হয়েছে?**
ক আধুনিক শিক্ষা    খ প্রচলিত শিক্ষা
গ প্রথাগত শিক্ষা    ঘ ব্যতিক্রমী শিক্ষা

৮. **'বাংলা সংস্কৃতর মেয়ে তবে দুষ্টু মেয়ে' চরণটির ভাববস্তু 'বাংলা শব্দ' প্রবন্ধের কোন শব্দ উদ্ভবের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক তৎসম    খ অর্ধ তৎসম
গ তদ্ভব    ঘ দেশি

৯. **গদ্য ও প্রবন্ধের মূল পার্থক্য কীসের মাধ্যমে জানা যায়?**
ক আকার    খ প্রকার
গ উদ্দেশ্য    ঘ সৃষ্টিশীলতা

১০. **'নিরীহ বাঙালি' প্রবন্ধে পাস বিক্রেতা কে?**
ক বর    খ বধূ
গ শ্বশুর    ঘ শাশুড়ি

১১. **সর্বজয়া কেন সংসার ত্যাগ করতে চান?**
ক অশান্তির জন্য    খ অবিশ্বাসের জন্য
গ অভাবের জন্য    ঘ আবেগের জন্য

১২. **মহাত্মা-গান্ধীর কোন গুণটি দেশের মানুষকে সম্মোহিত করেছিল?**
ক মানবতাবোধ    খ দেশপ্রেম
গ মার্জিত আচরণ    ঘ সরল জীবন

১৩. **নিমগাছটার কেন ইচ্ছা করল কবির সঙ্গে চলে যেতে?**
ক সহৃদয়তার জন্য    খ কাব্যবোধের জন্য
গ অবস্থানের জন্য    ঘ জ্ঞানের জন্য

**উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রীতিলতা চট্টগ্রামে ইউরোপিয়ান ক্লাব আক্রমণ করতে গিয়ে ধরা পড়েন। কোনো তথ্য যাতে বের করতে না পারে, সে কারণে তিনি স্বেচ্ছায় আত্মহত্যা করেন। প্রীতিলতার পথ ধরেই দেশ বৃটিশ শাসন থেকে মুক্ত হয়।

১৪. **উদ্দীপকের ভাববস্তু 'একাত্তরের দিনগুলি' দিনলিপির কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক জামী    খ রুমি
গ শরিফ    ঘ লেখিকা

১৫. **উক্ত সাদৃশ্যের কারণ—**
i. স্বাধিকার চেতনা
ii. ভাবাবেগ
iii. সংগ্রাম চেতনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৬. **দেবী ঈশ্বরী পাটুনিকে কী দান করলেন?**
ক বিদ্যা    খ বর
গ সম্পদ    ঘ ঐশ্বর্য

১৭. **'বহু প্রতীক্ষিত বৃষ্টি' বলতে কী বুঝানো হয়েছে?**
ক প্রত্যাশা    খ আগমন
গ আবির্ভাব    ঘ পরিক্রমা

১৮. **আমি আমার আমিকে এই বাংলায় খুঁজে পাই। উদ্দীপকটি 'কপোতাক্ষ নদ' কবিতার কোন বৈশিষ্ট্যের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক আবেগ    খ স্মৃতিকাতরতা
গ দেশপ্রেম    ঘ অনুরাগ

১৯. **'প্রাণ' কবিতায় কবি 'জীবন্ত হৃদয়' বলতে কী বুঝিয়েছেন?**
ক সজীব    খ সচল
গ চলমান    ঘ সক্রিয়

২০. **ঝর্ণা কীসের গান গায়?**
ক পরীর    খ বলবুলির
গ শালিকের    ঘ টিলার

teachingbd.com

২১. 'জীবন সঙ্গীত' কবিতায় কবি কীসের আশা না করতে উৎসাহিত করেছেন?
ⓚ লাভ ⓚ ক্ষতি
ⓖ সুখ ⓖ দুঃখ

২১. 'জীবন সঙ্গীত' কবিতায় কবি কীসের আশা না করতে উৎসাহিত করেছেন?

(ক) লাভ (খ) ক্ষতি
(গ) সুখ (ঘ) দুঃখ

২২. 'পল্লিজননী' কবিতায় মা রুগণ ছেলেকে কী বলে সম্বোধন করেছেন?

(ক) বাবারে (খ) বাবুরে
(গ) বাছারে (ঘ) বাপরে

২৩. 'অন্ধবধূ'র মানসিকতা কেমন?

(ক) আশাবাদী (খ) অম্লমধুর
(গ) দ্বন্দ্বময় (ঘ) বেদনাঘন

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

শুনহ মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই

২৪. উদ্দীপকটি কোন রচনার মূলভাবকে সমর্থন করে?

(ক) মানুষ (খ) আমি কোন আগন্তুক নই
(গ) আমার সন্তান (ঘ) আমার পরিচয়

২৫. এটি সমর্থনের কারণ—

i. জীবনবোধ
ii. মানবতাবোধ
iii. আত্ম পরিচয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. 'সাহসী জননী বাংলা' কবিতায় শত্রুরা বাঙালিকে কোন জাতি মনে করত?

(ক) আর্য (খ) অনার্য
(গ) দ্রাবিড় (ঘ) চীন

২৭. 'তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা' কবিতায় কুকুর একটানা আর্তনাদ করল কেন?

(ক) মনিবের জন্য (খ) ধ্বংসের জন্য
(গ) গোলাগুলির জন্য (ঘ) খাদ্যের জন্য

২৮. মোগলদের বিরুদ্ধে বার ভুঁইয়ারা তীব্র প্রতিরোধ গড়ে তুলেছিল। বাঙালিরা সহজে পরাধীনতা মেনে নেয়নি।

উদ্দীপকের অনুভবটি কোন কবিতায় প্রাধান্য পেয়েছে?

(ক) সাহসী জননী বাংলা
(খ) আমার পরিচয়
(গ) তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা
(ঘ) জীবন সঙ্গীত

২৯. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' বলতে কী বোঝানো হয়েছে?

(ক) প্রস্তুতির জন্য
(খ) পরিস্থিতির জন্য
(গ) অস্থিরতার জন্য
(ঘ) স্বাধীনতার আহ্বানের জন্য

৩০. 'আমি কোন আগন্তুক নই কবিতায়' মাছরাঙার কেমন দৃষ্টি ছিল?

(ক) অস্থির (খ) স্থির
(গ) ঘোলাটে (ঘ) পাংসুটে

৩১. কার চোখে বুধার মতো কেউ নয়?

(ক) কুন্তির (খ) মিঠুর
(গ) আলির (ঘ) চাচির

৩২. কে ঝোপের মধ্যে লুকিয়ে থাকে?

(ক) আলি (খ) শাহাবুদ্দিন
(গ) মিঠু (ঘ) মতিউর

৩৩. 'লোহার টুপি ওদের মগজ খেয়েছে' বলতে কী বোঝানো হয়েছে?

(ক) বর্বরতা (খ) হীনম্মন্যতা
(গ) বোকামি (ঘ) অত্যাচার

উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :

শহিদের খুন লেগে
কিশোর তোমার দুই হাতে
সূর্য উঠেছে জেগে।

৩৪. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিককে নির্দেশ করে?

(ক) যুদ্ধ (খ) যোদ্ধা
(গ) মুক্তিযোদ্ধা (ঘ) কিশোর মুক্তিযোদ্ধা

৩৫. উক্ত সাদৃশ্যের কারণ—

i. দেশপ্রেম
ii. চপলতা
iii. চঞ্চলতা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) iii (ঘ) ii ও iii

৩৬. নাটকের সার্থকতা কীসের ওপর নির্ভর করে?

(ক) কাহিনি (খ) সংলাপ
(গ) দৃশ্য (ঘ) চরিত্র

৩৭. 'বুঝি, তবু যেন বুঝি না' বলতে হাশেমের কী বোঝানো হয়েছে?

(ক) রাগ (খ) অসহায়ত্ব
(গ) জিজ্ঞাসা (ঘ) সমবেদনা

৩৮. যে অন্যের জীবনকে বাঁচাতে গিয়ে নিজের জীবন বিপন্ন করে সেই প্রকৃত মানুষ।

উদ্দীপকটির ভাবনার সঙ্গে 'বহিপীর' নাটকের কোন চরিত্রটি মেলে?

(ক) তাহেরা (খ) হাশেম
(গ) খোদেজা (ঘ) হাতেম

৩৯. 'আমি এভাবে টাকা নিতে পারব না। যায় যাক জমিদারি' উক্তিটির মাধ্যমে হাতেম আলি কী বোঝাতে চেয়েছেন?

(ক) বাস্তব বুদ্ধি (খ) মূল্যবোধ
(গ) চাতুরি (ঘ) কৌশল

৪০. তাহেরা কোন শতকের নারী জাগরণের প্রতীক?

(ক) আঠারো (খ) উনিশ
(গ) বিশ (ঘ) একুশ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

teachingbd.com

http://teachingbd.com